



স্মারক নং-২৭.১২.৯১৩১.৫৩৭.০২.০০৮.২৪. ১১৫৮

তারিখঃ ১০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।  
২৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ।

**“রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”**

সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর (পৌরসভা, কদমতলী, সিলেট), গোলাপগঞ্জ, বিয়ানীবাজার, জকিগঞ্জ, ফেঞ্চুগঞ্জ ও ওসমানীনগর জোনাল অফিসে কর্মরত কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের সদস্যগণের চিকিৎসা সেবা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ০৬ (ছয়) জন রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিকগণের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**শর্তাবলীঃ**

- ০১। প্রার্থীকে সরকারি মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে। বিএমডিসি এর হালনাগাদ রেজিস্ট্রেশন থাকতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।
- ০৩। পবিসের আওতাভুক্ত থানা/এলাকায় সরকারি ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা যেতে পারে।
- ০৫। আলোচ্য পদে নিয়োগপ্রাপ্ত বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে সদর দপ্তরের জন্য ১০,০০০.০০ (দশ হাজার) টাকা এবং জোনাল অফিসের জন্য ৮,০০০.০০ (আট হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে। মাসিক রিটেইনার ফি হতে সরকারি নিয়মানুযায়ী আয়কর কর্তন করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্ব নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্ততঃপক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন পত্র আহ্বান করা হবে এবং সে সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন, তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯। নিয়োগপ্রাপ্ত রিটেইনার ডাক্তারগণকে সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। ব্যক্তিগত চেয়ারে পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী সপ্তাহের যে কোন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য পৃথক কোন ভিজিট বা ফি দেয়া হবে না।
- ১১। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগোলিক এলাকাছ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হতে পারে (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি প্রদান করা হবে)।
- ১২। একজন প্রার্থী উল্লিখিত অফিসসমূহের মধ্য হতে কেবলমাত্র একটি অফিসের জন্য আবেদন করতে পারবেন।
- ১৩। **আবেদন পত্রের প্রয়োজনীয় শর্তাবলীঃ**

আবেদনকারীর নাম (স্পষ্টস্বাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট এর ফটোকপি, সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান বরাবর কর্তৃক নাগরিকত্বের সনদপত্রসহ সকল সনদপত্রের ফটোকপি সমূহ অবশ্যই সত্যায়িতসহ আবেদন পত্রের সাথে সংযুক্ত করে দিতে হবে।

উপরোক্ত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণ কর্তৃক সাদা কাগজে দরখাস্ত আগামী ১৫/০৪/২০২৪ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌছাতে হবে।

24.03.24  
(মোঃ আক্তারুজ্জামান লস্কর)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিভিল সার্জন, সিলেট।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----পবিস-১/২/৩/৪।
- ০৫। ডিজিএম, গোলাপগঞ্জ/বিয়ানীবাজার/ওসমানীনগর/বিশ্বনাথ/সদর দপ্তর-কারিগরী /ফেঞ্চুগঞ্জ/জকিগঞ্জ জোনাল অফিস, সিলেট পবিস-১।
- ০৬। এজিএম (অর্থ-হিসাব/ইএন্ডসি/আইটি/প্রশাসন/মানব সম্পদ/ওএন্ডএম), সিলেট পবিস-১।
- ০৭। এজিএম (ওএন্ডএম), বালাগঞ্জ সাব-জোনাল অফিস, সিলেট পবিস-১।
- ০৮। এজিএম (আইটি), সিলেট পবিস-১ (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৯। অফিস/মাস্টার কপি।

24.03.24  
(মোঃ আক্তারুজ্জামান লস্কর)  
জেনারেল ম্যানেজার